গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ১৭১-আইন/২০০৯, তাং ৩০-০৬-২০০৯ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ, ১৯শে ভাদ্র ১৪০৫ বাং/৩রা সেপ্টেম্বর, ১৯৯৮ ইং।

এস,আর,ও নং ১৯৯-আইন/৯৮।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংক-লরী হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর হইতে অব্যাহতি দান করিল, যথা:-

(১) যদি উক্ত করদাতা অনধিক দুইটি বাস, মিনিবাস ট্রাক বা ট্যাংক-লরীর মালিক হন, তাহা হইলে তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:

	প্রদেয় আয়কর
(ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য;	টাকা ২,০০০.০০
(খ) ৫২ অথবা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য;	টাকা ১,৫০০.০০
(গ) প্রতিটি মিনিবাসের জন্য;	টাকা ১,০০০.০০
(ঘ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য;	টাকা ২,০০০.০০
(ঙ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য;	টাকা ১,০০০.০০
(চ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য;	টাকা ২,০০০.০০
(ছ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য;	টাকা ১,০০০.০০

(২) যদি উক্ত করদাতা দুইটির অধিক বাস, মিনিবাস ট্রাক বা ট্যাংক-লরীর মালিক হন, তাহা হইলে তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:

	প্রদেয় আয়কর
(ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য;	টাকা ২,৫০০.০০
(খ) ৫২ অথবা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য;	টাকা ২,০০০.০০
(গ) প্রতিটি মিনিবাসের জন্য;	টাকা ১,৫০০.০০
(ঘ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য;	টাকা ২,৫০০.০০
(ঙ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য;	টাকা ১,৫০০.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

S.R.O. No. 199/1998 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

(চ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য; টাকা ২,৫০০.০০

(ছ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য; টাকা ১,৫০০.০০

(৩) উপরি-উল্লিখিত আয়কর বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকের যে শাখা এতদুদ্দেশ্যে নির্ধারণ করা হয়, সেই শাখায় কোম্পানী করদাতার ক্ষেত্রে "১/১১৪১/০০০০/০১০১-আয়কর-কোম্পানীসমূহ/১/১১৪১/০০০০/০১১১-আয়কর-কোম্পানী ব্যতীত" খাতে চালানের মাধ্যমে জমা করিতে হইবে;

(৪) যে বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংক-লরীর তিনি মালিক, উহার ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হইবার পূর্বে তাহাকে উপরি-উক্ত হারে আয়কর প্রদান করিতে হইবে;

(৫) নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান উপস্থাপন না করা পর্যন্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যানবাহনের ফিটনেস নবায়ন করিবেন না।

(৬) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর বাস, মিনিবাস ট্রাক বা ট্যাংক-লরী হইতে অর্জিত আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

২। এতদ্বারা এতদ্‌বিষয়ে এস,আর,ও নং ৩৬২-আইন/৯০, তারিখ: ১৭-১০-৯০ ইংরেজী মূলে জারীকৃত প্রজ্ঞাপন এবং উহার ধারাবাহিকতায় এস,আর,ও নং ৪৬-আইন/৯৫, তারিখ: ২৮-০৩-৯৫ ইংরেজী মূলে জারীকৃত প্রজ্ঞাপনসমূহ রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মুহাম্মদ আবদুস সাত্তার
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

সংশোধনী এস,আর,ও-টি ২৩৪ নং পৃষ্ঠায় দেখুন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
S.R.O. No. 199/1998 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner